# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 JUNE 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ২০২৭ সালের পয়লা মার্চকে ভিত্তিবর্ষ হিসেবে ধরে পরবর্তী লোক গণনার অধিসূচনা জারী ।

২) আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে বরাক উপত্যকা সহ রাজ্যের বিভিন্ন জেলায় কার্যসূচি । আগামী ২১শে জুন বাক্সা জেলায় যোগ দিবসের রাজ্য পর্যায়ের কার্যসূচি ।

৩) ২২ জুন থেকে অনুষ্ঠেয় অম্বুবাচী সুষ্ঠভাবে সম্পন্ন করতে কামরূপ জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের নীতি-নির্দেশিকা ।

এবং

৪) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের আজ কম্পার্টমেন্টাল পরীক্ষার ফল ঘোষণা । প্রথম বর্ষে ভর্তির জন্য আগামীকাল থেকে ২৬ জুন পর্যন্ত দর্পন পোর্টাল খোলা ।

---

কেন্দ্রীয় সরকার পরবর্তী লোক গণনার জন্য আজ অধিসূচনা জারী করেছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের জারী করা এই অধিসূচনা অনুসারে ২০২৭ সালের পয়লা মার্চকে ভিত্তি হিসেবে ধার্য করা হয়েছে । তবে কেন্দ্রীয় শাসিত অঞ্চল লাদাখ এবং জম্মু-কাশ্মীরের বরফআবৃত্ত এলাকাগুলি সহ হিমাচল প্রদেশ ও উত্তরাখন্ডের জন্য এই ভিত্তি তারিখ হবে ২০২৬ সালের পয়লা অক্টোবর ।

---

আর্ন্তজাতিক যোগ দিবসের সংগে সংগতি রেখে রাজ্যের বিভিন্ন জেলায় কার্যসূচী অব্যাহত রয়েছে । বাক্সা জেলার শালবারী মহাবিদ্যালয়ের খেলারমাঠে আগামী ২১ শে

জুন যোগ দিবসের রাজ্য পর্যায়ের কার্যসূচী অনুষ্ঠিত হবে । মন্ত্রী উর্খাও ব্রহ্ম গতকাল এই কার্যসূচীর খোজ নেন । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আগামী ২০ শে জুন জেলায় পৌছে ঐদিন রাত্রি যাপন করা সহ পরদিন সকালে যোগ দিবসের কার্যসূচীতে অংশ গ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আগামী ২১শে জুন আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে এবছর স্থানীয় টাউন হলে যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত হয়েছে । যোগ দিবসের প্রস্তুতি সম্পর্কে আমাদের সংবাদদাতা জানান -----

বাইট----

এদিকে কাছাড় জেলা প্রশাসন , জেলা স্বাস্থ্য সমিতি ও পালংঘাটের শিবদূর্গা ক্লাবের যৌথ উদ্যোগে আজ শিলচর গান্ধী ভবনে যোগ প্রতিযোগীতা অনুষ্ঠিত হচ্ছে । আজ বিকেলে অতিরিক্ত জেলা আয়ুক্ত দীপা দাস , স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় , প্রাক্তন পৌর কমিশনার মধুমিতা শর্মা প্রমূখ উপস্থিত ছিলেন । আজকের যোগ প্রতিযোগিতায় প্রায় দুশজন প্রতিযোগী অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------

কর্মচারী ভবিষ্যনিধি তহবিল সংগঠন ( ই-পি-এফ-ও ) তাদের সদস্যদের, অনুমোদিত না এমন এজেন্টদের কাছে না গিয়ে বিনামূল্যে ও নিরাপদ অন-লাইন সেবার জন্য ই-পি-এফ ওর সরকারি পোর্টাল ব্যবহার করার জন্য অনুরোধ জানিয়েছে । এদিকে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রনালয় জানিয়েছে যে ই-পি-এফ ও তাদের সেবাগুলিকে আরো দ্রুত , স্বচ্ছ ও সহজ পদ্ধতির মাধ্যমে ব্যবহারযোগ্য করে তুলতে প্রয়োজনীর পদক্ষেপ গ্রহণ করেছে । মন্ত্রনালয় আরো জানিয়েছে যে ই-পি-এফ-এর একটি শক্তিশালী মনিটোরিং কমিটি রয়েছে এবং এই কমিটি দ্রুত গতিতে কর্মচারীদের অভিযোগ নিস্পত্তির কাজ সম্পন্ন করছে ।

---------------------------------------------------------------------------------

অম্বুবাচী সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার লক্ষে কামরুপ মহানগর জেলা আয়ুক্ত , পুলিশ ও কামাখ্যা মন্দির কতৃপক্ষ আজ কামাখ্যা মন্দির প্রাংগনে এক যৌথ সাংবাদিক

সম্মেলনের আয়োজন করে ।সাংবাদিক সম্মেলনে পুলিশ কমিশনার পার্থ সারথি মহন্ত অম্বুবাচী চলাকালীন কোনোধরণের হৈ হট্টগোল বা মিছিল ইত্যাদি বের করতে দেওয়া হবেনা বলে জানিয়েছেন । নীলাচল পাহাড়ের ভুমিক্ষয়ের প্রতি লক্ষ্য রেখে ঐ সময়কালে ভির নিয়ন্ত্রন করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । অম্বুবাচী চলাকালীন সময়ে ভক্তরা সকাল ৫ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত নীলাচল পাহাড়ে যেতে পারবে ।সন্ধ্যা ৬ টার পর ভক্তরা মন্দিরের ওপরে যেতে পারবেনা ।অন্যদিকে পান্ডুর দিক থেকে কামাখ্যা মন্দিরের যাওয়ার সড়কটি সম্পূর্নভাবে বন্ধ থাকবে ।বিশেষ জরুরীকালীন আবস্থায় এই সড়কটি ব্যবহার করা হবে বলে পুলিশ কমিশনার জানিয়েছেন । জরুরীকালীন সেবার বাহন ও মন্দির প্রাংগনের বাসিন্দাদের যাওয়ার জন্য বিশেষ ব্যবস্থা থাকবে বলে শ্রী মহন্ত জানান ।কামাখ্যা মন্দিরের দ্বার খোলার পর অর্থাৎ ২৬ ও ২৭ শে জুন কোনো ধরনের ভি আই পি বা ভিভি আই পি পাসের ব্যবস্থা থাকবেনা । উল্লেখ্য আগামী ২২ শে জুন বেলা ২ টা ৫৬ মিনিটে প্রবৃত্তির সংগে সংগে তিনদিনের জন্য মন্দিরের দ্বার বন্ধ করে দেওয়া হবে । আগামী ২৬ শে জুন নিবৃত্তির পর ভক্তদের জন্য মন্দিরের দ্বার পুনরায় খুলে দেওয়া হবে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আজ কম্পার্টমেন্টল পরীক্ষার ফলাফল ঘোষনা করেছে । সে অনুযায়ী পরীক্ষায় উত্তীর্নের হার ২৫ দশমিক ০-৯ শতাংশ । পরীক্ষায় অবতীর্ন হোয়া ৫৪ হাজার ৬৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৪২২ জন প্রথম বিভাগে , দ্বিতীয় বিভাগে ৮ হাজার ৯৭৫ জন ও ৪ হাজার ১৮৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ন হয়েছে । এদিকে এই শিক্ষার্থীদের প্রথম বর্ষে ভর্তির জন্য আগামীকাল থেকে ২৬ শে জুন পর্য্যন্ত দর্পন পোর্টেল খুলে দেওয়ার কথা ঘোষনা করা হয়েছে । শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে আগামী দোসরা জুলাইর মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ন হতে হবে । ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য শিক্ষার্থীরা এ এইচ ই সি . আসাম . গভ . ইন ও দর্পন . এ এইচ এস ই সি . অনলাইন . ইন ওয়েবসাইট দেখতে পারবে ।

---

প্রচন্ড গরমের পর উত্তর-পূর্বাঞ্চলের সবগুলি রাজ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করেছে । এর প্রভাবে আগামী কয়েকদিন আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বৃষ্টি হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে বলে আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান সূত্রে জানানো হয়েছে । কিছু কিছু অঞ্চলে ঝড়-বৃষ্টি সহ প্রবল বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে বলেও সূত্রে জানানো হয়েছে । সূত্রে আরো জানানো হয়েছে যে আগামী ২৪ ঘন্টায়

আসাম , অরুণাচল প্রদেশ , মনিপুর , মিজোরাম , ত্রিপুরা , নাগাল্যান্ড ও মেঘালয়ের বিভিন্ন স্থানে হালকা থেকে মাঝারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার করিমগঞ্জ সিভিল হাসপাতালের চক্ষু বিভাগে আজ অগ্নিকান্ড সংগঠিত হয়েছে । ঘটনার বিবরন দিতে গিয়ে সিভিল হাসপাতালের সুপার ডক্টর লিপি দেব সিনহা জানান যে এ সি-র দায়িত্বে থাকা কর্মচারী প্রতিদিনেরব মতো আজও যথা নিয়মে এ সি চালাতে গেলে , আউটডোর ডিভাইসের মধ্যে হঠাৎ একটা বিকট আওয়াজ শুনতে পাওয়া যায় । ঘটনাটি সঙ্গে সঙ্গে সবার নজরে আসে । অগ্নি নির্বাপক বাহিনী ও হাসপাতাল কর্মচারীদের তৎপরতায় আগুন নিয়ন্ত্রনে চলে আসে । আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে হাসপাতাল সুপার ডক্টর লিপি দেব সিনহা জানান -- -----

বাইট

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা উন্নয়ন কমিটির এক সভা আজ অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফাইরিমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে জেলায় সাম্প্রতিক বন্যায় ভেঙ্গে যাওয়া বাঁধ মেরামতির কাজ শুরু হয়েছে ।  সভায় বর্তমান মরশুমে ম্যালেরিয়া , ডেঙ্গু প্রতিরোধ করতে স্বাস্থ্য বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে । শিক্ষা বিভাগ থেকে জানানো হয়েছে যে জেলার চা বাগান এলাকার ১৫০টি স্কুলে প্রধানমন্ত্রী পোষন উপলক্ষ্যে সপ্তাহে দুই দিন ডিম দেওয়া হচ্ছে । ভূমি সংরক্ষন বিভাগকে কৃষি ও জলসেচ বিভাগের সঙ্গে পরামর্শ করে প্রকল্প হাতে নিতে পরামর্শ দেওয়া হয়েছে । সভায় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রুথ লিয়ানথাং সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের শিবসুন্দরী নারী শিক্ষাশ্রম ও জীবন জ্যোতি ইন্সটিটিউট অব মেডিকেল সায়েন্স হাসপাতালের যৌথ উদ্যোগে এবং বড়জালেঙ্গা পাইওনিয়র সংঘের সহযোগীতায় গতকাল ধলাই বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত বড়জালেঙ্গায় বিনামূল্যে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে মোট ৪১০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং জালালপুর কুশিয়ারকুলের নেতাজী সংঘের ব্যবস্থাপনায় আগামী ১৮ই জুন বুধবার নাতানপুর বি এস এফ ক্যাম্পের নিকটে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------------------

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ স্মৃতি রক্ষা কমিটির পক্ষ থেকে আজ স্বাধীনতা সংগ্রামী দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের শততম প্রয়ান দিবস বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে । সকালে কমিটির পক্ষ থেকে দেশবন্ধুর প্রতিমূর্তিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে আয়োজিত আলোচনা সভায় স্বাধীনতা সংগ্রামে দেশবন্ধু চিত্ত রঞ্জন দাশের অবদান নিয়ে নীহার রঞ্জন পাল , সাধন পুরকায়স্থ প্রমূখ বক্তব্য রাখেন । উল্লেখ্য ১৯২৫ সালে ১৬ ই জুন দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ শেষ নি:শ্বাস ত্যাগ করেন ।

---------------------------------------------------------------------------------------------------